


যুগান্তর

যুগান্তর

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০১৫  
পৃষ্ঠা: ০৫

## ১২ লাখ টাকার আইটি স্কলারশিপ দিল পিপল এন টেক



আগ্যবান উইনার কার্ড বিজয়ীদের সঙ্গে উদ্বোধনা ও অতিথিরা

যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক প্রতিষ্ঠান পিপল এন টেক-এর বাংলাদেশ শাখা ১২ শিক্ষার্থীকে প্রায় ১২ লাখ টাকা আইটি প্রশিক্ষণে স্কলারশিপ দিয়েছে। শনিবার পিপল এন টেক কার্যালয়ে স্কলারশিপপ্রাপ্তদের উইনার কার্ড প্রদান করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ। উইনার কার্ড প্রদান অনুষ্ঠানে জানানো হয়, ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৫ চলাকালীন সময়ে স্কলারশিপের জন্য প্রায় পাঁচ হাজার আবেদন জমা পড়ে। সেখান থেকে প্রতিদিন তিনজন করে চার দিনে মোট ১২ জনকে লাকি উইনার ঘোষণা করা হয়। বিজয়ীদের ওয়েব ডেভেলপমেন্ট, মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, ওরাকল এবং ইংরেজি ভাষার ওপর প্রশিক্ষণ দেয়া হবে। তারা পিপল এন টেকের বাংলাদেশ শাখার পঞ্চম ব্যাচে বিনামূল্যে প্রশিক্ষণ নেবেন। সাধারণত এ প্রশিক্ষণের জন্য ৯৫ হাজার দু'শ টাকা ফি দিতে হয় প্রশিক্ষার্থীদের।

আগামী মার্চ পঞ্চম ব্যাচের প্রশিক্ষণ শুরু হবে। স্কলারশিপপ্রাপ্ত

প্রত্যেক শিক্ষার্থীকে ১০২ ঘণ্টা বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ও ৪৮ ঘণ্টা ইংরেজি শিক্ষার প্রশিক্ষণ দেয়া হবে। আগামীতেও এ স্কলারশিপ দেয়া হবে। অনুষ্ঠানে অধ্যাপক কায়কোবাদ বলেন, জাপান নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন করে বিশ্বজয় করেছে। কিন্তু আমরা আমাদের ছেলেমেয়েদের সে শিক্ষা দিতে পারিনি। অনেকের প্রযুক্তি জ্ঞান থাকলেও শুধু ইংরেজিতে দক্ষতা না থাকায় পিছিয়ে পড়ছেন। পশ্চিমা বিশ্বে অনেক বেশি আয়ের সুযোগ থাকলেও আমরা মধ্যপ্রাচ্যে যেতে বাধ্য হচ্ছি শুধু প্রযুক্তি জ্ঞানের সীমাবদ্ধতার কারণে। শিক্ষার্থীদের বিদেশ গিয়ে আইল্যান্ড তৈরি করার আহ্বান জানান বুয়েটের এই অধ্যাপক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পিপল এন টেকের উপদেষ্টা অধ্যাপক সাজ্জাদ হোসেন, পরিচালক ইউসুফ খান, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার শেখ দুর্জয় জামান, ঠিকানা পত্রিকার বিশেষ প্রতিনিধি সালেন সুলেয়ী প্রমুখ।

—সুমাইয়া রহমান শীমা